**1. প্রাইমারি নির্বাচনে ভোট দিতে আপনার কী প্রয়োজন**
**2. নভেম্বরের নির্বাচনে ভোট দিতে আপনার কী প্রয়োজন**
**3. পেন্সিলভেনিয়ায় ভোট দিতে আপনার কী জানা প্রয়োজন**

**পেনসিলভানিয়ার ভোটারদের জন্য তথ্য**

1. মে 17, মঙ্গলবারে গভর্নর, যুক্তরাষ্ট্রের সিনেটর এবং আরও কিছু ক্ষেত্রে প্রাইমারি অনুষ্ঠিত হবে। ব্যালটে থাকা সকল অফিস সম্পর্কিত তথ্যের জন্য আমাদের ডাউন ব্যালট গাইড (Down Ballot Guide) দেখুন।
2. নভেম্বর 8, মঙ্গলবারে গভর্নর, যুক্তরাষ্ট্রের সিনেটর এবং আরও কিছু ক্ষেত্রে একটি নির্বাচন অনুষ্ঠিত হবে। ব্যালটে থাকা সকল অফিস সম্পর্কিত তথ্যের জন্য আমাদের ডাউন ব্যালট গাইড (Down Ballot Guide) দেখুন।

**আগে কখনো নিবন্ধন করেননি? আপনি সর্বশেষ ভোট দেওয়ার পরে অন্যত্র চলে গেছেন?**
আপনি যদি পূর্বে কখনো ভোট না দিয়ে থাকেন, তবে প্রথম ধাপ হলো নিবন্ধন করা। আপনি সর্বশেষ ভোট দেওয়ার পরে যদি কোনোকিছু পরিবর্তন হয়ে থাকে, যেমন - নতুন ঠিকানা, নাম পরিবর্তন বা আপনি যদি পার্টির সাথে সম্পৃক্ততা পরিবর্তন করতে চান, তবে আপনাকে আপনার রেজিস্ট্রেশন আপডেট করতে হবে। আপনাকে আপনার বর্তমান ঠিকানায় রেজিস্ট্রেশন করা গুরুত্বপূর্ণ; কারণ এর মাধ্যমে আপনি সঠিক ব্যালট পাবেন, বিশেষ করে, আপনি যদি ডাকে ভোট দেওয়ার পরিকল্পনা করে থাকেন।

1. সময়সীমা হলো **সোমবার, মে 2**। আপনি PA ডিপার্টমেন্ট অব স্টেট থেকে অনলাইনে রেজিস্ট্রেশন করতে বা আপনার ঠিকানা আপডেট করতে পারবেন।
2. সর্বশেষ সময় হলো **সোমবার, অক্টোবর 24**। আপনি PA ডিপার্টমেন্ট অব স্টেট থেকে অনলাইনে রেজিস্ট্রেশন করতে বা আপনার ঠিকানা আপডেট করতে পারবেন।

## ডাকে ভোট দিতে বা অ্যাবসেন্টি ব্যালটে ভোট দেওয়ার গুরুত্বপূর্ণ তারিখসমূহ

1. ডাকে বা অ্যাবসেন্টি ব্যালটের অনুরোধ করার সর্বশেষ সময় হলো প্রাইমারি নির্বাচনের পূর্বে **10 মে, 2022 তারিখ পর্যন্ত। 29 এপ্রিল তারিখের মধ্যে অনুরোধ করার পরামর্শ দেওয়া হচ্ছে।**
2. ডাকে বা অ্যাবসেন্টি ব্যালটের অনুরোধ করার সর্বশেষ সময় হলো সাধারণ নির্বাচনের পূর্বে **1 নভেম্বর, 2022। 21 অক্টোবর তারিখের মধ্যে অনুরোধ করার পরামর্শ দেওয়া হচ্ছে।**

আপনি যদি সশরীরে বা কাগজে রেজিস্ট্রেশন করতে চান, তবে সাহায্য পেতে **1-877-VOTESPA** নম্বরে কল করুন।

